ভোরের কাগজ

তারিখ ... ... SEP 0[illegible] 1999
পৃষ্ঠা ... কলাম ...

26

# এ্যাপটেক কম্পিউটার এডুকেশনের সম্মেলন অনুষ্ঠিত

এ্যাপটেক কম্পিউটার এডুকেশনের ধানমন্ডি সেন্টার তাদের বর্তমান ছাত্রছাত্রীদের নিয়ে গত সোমবার রাশিয়ান কালচারাল সেন্টারে 'ইয়োর ফিউচার আওয়ার টপ প্রাইওরিটি' শীর্ষক এক সম্মেলনের আয়োজন করে। সম্মেলনে এ্যাপটেকের আঞ্চলিক অফিস এবং অন্য সেন্টারের কর্মকর্তারা এবং ধানমন্ডি সেন্টারের পরিচালনা পরিষদ ও ছাত্রছাত্রীরা উপস্থিত ছিলেন।

এ্যাপটেকের মাস্টার বিজনেস পার্টনার এক্সিয়ম টেকনোলজিস লিঃ-এর চেয়ারপারসন মিসেস শাহীন আনাম সম্মেলনে স্বাগত বক্তব্য রাখেন। তিনি বলেন, তাদের কোম্পানির একমাত্র উদ্দেশ্য হচ্ছে তথ্যপ্রযুক্তি সেক্টরে মানবসম্পদ উন্নয়ন। আমাদের দেশ দক্ষ জনশক্তির অভাবে ৩০ হাজার কোটি ডলারের বৈশ্বিক তথ্যপ্রযুক্তি ব্যবসা থেকে বঞ্চিত হচ্ছে বলেও তিনি মত প্রকাশ করেন। এ্যাপটেক তার নেতৃত্বদানকারী তথ্যপ্রযুক্তির প্রশিক্ষণ কর্মসূচির মাধ্যমে এদেশে তথ্যপ্রযুক্তি শিল্পে একটি গতিশীল পরিবর্তন এনেছে বলে তিনি দাবি করেন। মিসেস আনাম অন্যান্য দেশের সঙ্গে স্টুডেন্ট এক্সচেঞ্জ প্রোগ্রাম, মেধাবৃত্তি কর্মসূচি, ইন্টারনেট ব্যবহারের সুবিধা এবং ইংরেজি ভাষা প্রোগ্রামসহ ছাত্রছাত্রীদের জন্য কয়েকটি গুরুত্বপূর্ণ ভাষণ দেন।

সম্মেলনে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন এক্সিয়ম টেকনোলজিস লিঃ-এর ব্যবস্থাপনা পরিচালক সৈয়দ মোকাম্মেল হোসেন, নির্বাহী পরিচালক রিজওয়ান বিন ফারুক প্রমুখ। বিজ্ঞপ্তি।